# HSC পরীক্ষা ২০২২

বাংলা প্রথম পত্র [২০২২ সালের সিলেবাস অনুযায়ী] বিষয় কোড : 236

সেট: ক সময়: ২০ মিনিট পূর্ণমান - ১৫

তারিখ: ১০ নভেম্বর, ২০২২

**৩০টির মধ্যে ২৫টি কমন**

[বিশেষ দ্রষ্টব্য: সরবরাহকৃত বহুনির্বাচনি অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট কর। যে কোনো পনেরোটি প্রশ্নের উত্তর দিতে হবে। প্রতিটি প্রশ্নের মান ১

প্রশ্নপত্রে কোনো প্রকার দাগ/চিহ্ন দেয়া যাবে না।

**০১. 'অপরিচিতা' গল্পে মামা কাকে পাইলে ছাড়িতে চান না?**

ক. হরিশকে খ. বিনুদাকে

গ. অনুপমকে ঘ. শম্ভুনাথ বাবুকে উত্তর: ক

**০২. 'আমার পথ' প্রবন্ধ অনুসারে কীসের মধ্য দিয়ে গেলেই তবে সত্যকে পাওয়া যায়?**

ক. ভুলের খ. বিনয়ের

গ. অহংকারের ঘ. স্বাবলম্বনের উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৩*

**০৩. "বিলাসী" মৃত্যুঞ্জয়ের সাথে স্কুলের ছেলেমেয়েরা উপযাচক হয়ে কথা বলতো কেন?**

ক. অভিভাবকদের নির্দেশে

খ. তার ব্যাপক সুনামের কারণে

গ. সে অত্যন্ত মিশুক ছিল বলে

ঘ. তার কাছ থেকে খাবারের লোভে উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৩৬; প্রশ্ন ৪৩*

❑ **উদ্দীপকটি পড়ে ৪ নং প্রশ্নের উত্তর দাও:**

তোমার স্মৃতিরা সব দেয় যে দেখা
তোমাকে ভুলতে পারিনা হে মোর সুলেখা।

**০৪. উদ্দীপকের ভাবার্থের সাথে নিচের কোন চরণের সাদৃশ্য রয়েছে?**

ক. বসন্তে বরিয়া তুমি লবে নাকি তব বন্দনায়

খ. আমারে গাহিতে গান, বসন্তেরে আনিতে বরিয়া

গ. তাহারেই পড়ে মনে, ভুলিতে পারিনা কোনো মতে।

ঘ. বসন্ত-বন্দনা তব কণ্ঠে শুনি-এ মোর মিনতি। উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৫; (প্রশ্ন ঘ)*

**০৫. 'আহ্বান' গল্পের চক্কোত্তি মশাই লেখকের বাবার কে ছিলেন?**

ক. গ্রামের আত্মীয় খ. খুঁড়ো মশাই

গ. পুরাতন বন্ধু ঘ. আত্মার আত্মীয় উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪১১*

**০৬. ইমাম হোসেনের অশ্বের পদধ্বনি শ্রবণ করিয়া এজিদের সৈন্যগণ চমকিত হইল কেন?**

ক. হোসেনকে স্বয়ং যুদ্ধক্ষেত্রে দেখে

খ. হোসেনের সাথে সৈন্য সংখ্যা দেখে

গ. ইমাম হোসেনকে খুব কাছাকাছি পেয়ে

ঘ. ইমাম হোসেনের বীরত্বের ভয়ে উত্তর: ক

❑ **উদ্দীপকটি পড়ে ৭ ও ৮নং প্রশ্নের উত্তর দাও:**

মমতার বিয়ে পড়ানোর সময় মমতার মামা বললো, বিয়েতে পাঁচ লক্ষ টাকা কাবিন করতে হবে। এ কথা শুনে বিয়ের আসর থেকে উঠে গেল বর রাশেদের আত্মিয়স্বজন। দরকষাকষিতে বিয়েটাও ভেঙে গেল। বেশ কিছুদিন পর মমতার সাথে দেখা হলো রাশেদের। রাশেদ মমতাকে উপযুক্ত দেনমোহর দিয়ে বিয়ে করতে চাইলেও মমতা আর বিয়েতে রাজি হয়নি। বরং সে নারী শিক্ষা কেন্দ্র খুলেছে।

**০৭. উদ্দীপকের রাশেদের মনোভাবের সাথে সাদৃশ্যপূর্ণ উক্তি কোনটি?**

ক. কিন্তু আমি আশা ছাড়িতে পারিলাম না।

খ. ওগো অপরিচিতা তোমার পরিচয়ের শেষ হইল না।

গ. চিরকাল গলার স্বর আমার কাছে চিরসত্য।

ঘ. কল্যানীর সঙ্গে দেখা হইয়াছে। হাত জোড় করিয়াছি, মাথা হেট করিয়াছি। উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩০৮*

**০৮. উদ্দীপকের মমতা ও কল্যাণীর মানসিকতার সাদৃশ্য হলো -**

i. মর্যাদাবোধ ii. স্বনির্ভরতা

iii. দৃঢ় প্রত্যয়

**নিচের কোনটি সঠিক?**

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩০৮*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

০৯. 'আমার পথ' প্রবন্ধে লেখক কীসের ঝান্ডা দুলিয়ে পথে বাহির হলেন বলে উল্লেখ করেছেন?
ক. ফুলের খ. আগুনের
গ. লাল-সবুজের ঘ. বিজয়ের উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৪*

১০. জেলগেটে শেখ মুজিবুর রহমান দেরি করতে করতে দশটা বাজিয়ে দিলেন কেন?
ক. অলসতার জন্য খ. নিজ মালপত্র গোছানোর জন্য
গ. অনশন ধর্মঘটের কারণে
ঘ. নেতা কর্মীদের বার্তা পৌঁছানোর কৌশল হিসেবে
উত্তর: ঘ

১১. 'রেইনকোট' গল্পে আজকাল কাকে মিলিটারির কর্নেল বললেও চলে?
ক. উর্দুর প্রফেসরকে খ. কলেজের প্রিন্সিপালকে
গ. ইসহাক মিয়াকে ঘ. নূরুল হুদাকে উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৮০*

১২. লেখক আবুল ফজলের মতে, 'মানব কল্যাণ' কী?
ক. মানুষের সার্বিক মঙ্গলের প্রয়াস
খ. মর্যাদাপূর্ণ অবস্থায় মানুষের উত্তরণ ঘটানো
গ. দান-খয়রাতকে মানবকল্যাণ মনে করা
ঘ. পরিকল্পনা মাফিক মুক্তবুদ্ধির সহায়তা দান উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৫২*

১৩. 'সুখ' কবিতার পথিক মরুভূমির মাঝে কী খুঁজে বেড়ান?
ক. মরীচিকা খ. সুখ
গ. জল ঘ. অশ্রু উত্তর: গ

❑ নিচের উদ্দীপকটি পড়ে ১৪নং প্রশ্নের উত্তর দাও :
স্বামী যুদ্ধে যাবার পরদিন আসমাকে ক্যাম্পে নিয়ে যায় পাকবাহিনী। স্বামী ও তার সহযোদ্ধাদের সম্পর্কে কিছু তথ্য দিলেই ছেড়ে দিবে পাকসেনারা। এ কথা বলার পর, সে সাফ জানিয়ে দেয়, জীবন গেলেও মুখ খুলবে না সে। তারপর সারারাত দফায় দফায় তার উপর চলে তাদের নৃশংস আক্রমণ।

১৪. আসমার মোকাবেলা করা পরিস্থিতির সাথে সাদৃশ্যপূর্ণ বাক্য কোনটি?
ক. নূরুল হুদা অবাক হয়ে তাকিয়ে থাকে। তারা কি তাকে চেনে!
খ. তার মৌনতা মিলিটারিকে আরেকটু নিশ্চিত করে।
গ. তার বেঁটে খাটো শরীরটা ঝুলিয়ে দেওয়া হলো ছাদে লাগানো একটা আংটার সঙ্গে।
ঘ. তাকে ভাবতে সময় দিয়ে মিলিটারি চলে যায়। উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৯*

১৫. 'সোনার তরী' কবিতায় 'বাঁকাজল' বলতে কোনটিকে বোঝানো হয়েছে?
ক. কালস্রোতের প্রতীক হিসেবে খ. নদীর বাঁককে
গ. বর্ষায় নদীর রূপকে
ঘ. নিরুপায় ঢেউগুলোকে উত্তর: ক
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৩৩*

১৬. 'অপরিচিতা' গল্পে কাকে অনুপমের 'ভাগ্য দেবতার প্রধান এজেন্ট' বলা হয়েছে?
ক. বিনুদাকে খ. মামাকে
গ. হরিশকে খ. শম্ভুনাথকে উত্তর: খ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩০৯*

❑ নিচের উদ্দীপকটি পড়ে ১৭ ও ১৮নং প্রশ্নের উত্তর দঠর :
জমির উদ্দিন ও জামসেদের পাশাপাশি বাসা। দুজনের মধ্যে সৎ ভাব বিরাজমান। কিন্তু জমি ভাগাভাগি নিয়ে শুরু হয় গণ্ডগোল। জামসেদ একাধিক বার দলবল নিয়ে জমির উদ্দিনকে পিটিয়েছে। প্রায়ই প্রাণনাশের হুমকি দেয়। একদিন জামসেদ মটরসাইকেল দুর্ঘটনায় মারাত্মকভাবে আহত হয়। হাসপাতালে তার জরুরিভাবে রক্তের প্রয়োজন হলে এগিয়ে যায় জমির উদ্দিন। সে নিজে আগ্রহী হয়ে রক্ত দিয়ে জামসেদের প্রাণ রক্ষা করে।

১৭. উদ্দীপকের জমির উদ্দিনের রক্তদানের সাথে 'প্রতিদান' কবিতার কোন পঙ্‌ক্তির মিল আছে?
ক. কত ঠাঁই হতে কত কী যে আনি সাজাই নিরন্তর
খ. রঙিন ফুলের সোহাগ-জড়ান ফুল মালঞ্চ ধরি
গ. দীঘল রজনী তার তরে জাগি ঘুম যে হয়েছে মোর
ঘ. আপন করিতে কাঁদিয়া বেড়াই যে মোরে করেছে পর
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৪* উত্তর: ঘ

১৮. উদ্দীপকের জমির উদ্দিন ও 'প্রতিদান' কবিতার কবির মানসিকতার ভাবগত মিল হলো -
i. পরোপকার
ii. ক্ষমাশীলতা
iii. প্রীতিময় পরিবেশ সৃষ্টির আকাঙ্ক্ষা
নিচের কোনটি সঠিক?
ক. i ও ii খ. i ও iii
গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ঘ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৬৪ এবং ৪৬৫*

১৯. 'বায়ান্নর দিনগুলো' প্রবন্ধ অনুসারে ২২ তারিখ সারাদিন কোথায় শোভাযাত্রা
ক. ঢাকায় খ. নারায়ণগঞ্জে
গ. ফরিদপুরে ঘ. টুঙ্গিপাড়ায় উত্তর: গ
*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৯*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...

২০. 'একুশের কৃষ্ণচূড়া' দ্বারা কবি বোঝাতে চেয়েছেন -

i. বাঙালির বীরত্ব গাঁথা ii. ভাষা শহীদদের স্মৃতি

iii. সুন্দর ও কল্যাণের জগৎ

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৯১ (প্রশ্ন ৩)*

২১. ৫২'র ২১ শে ফেব্রুয়ারি ঢাকার মিছিলে গুলির খবর জেলে বন্দি থেকে শেখ মুজিবুর রহমান কীভাবে পেয়েছিলেন?

ক. সিপাহীদের মাধ্যমে খ. রেডিওর খবরে

গ. সঙ্গী বন্দিদের কাছ থেকে

ঘ. জেলের বাইরের স্লোগান শুনে উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৬৯*

২২. 'অপরিচিতা' গল্পে অনুপমের বিয়ের বিষয়ে কীসের খবরটা মামার কাছে বেশি গুরুত্বপূর্ণ?

ক. মেয়ের গ. বাপের অবস্থার

গ. বংশমর্যাদার খ. শিক্ষা-দীক্ষার উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩১১*

২৩. আমি সেই দিন হব শান্ত যবে উৎপীড়িতের ক্রন্দনরোল আকাশে বাতাসে ধ্বনিবে না এ পঙ্ক্তিতে প্রকাশ পেয়েছে -

i. প্রতিবাদ ii. মহানুভবতা

iii. হিংস্রতা

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৪৯*

❑ নিচের উদ্দীপকটি পড়ে ২৪নং প্রশ্নের উত্তর দাও :

বস তার অফিস সহকারী হামিদকে বললেন, 'এই ফাইলটা ছেড়ে দিন। বড় অঙ্কের কিছু টাকাও পাবেন আবার আপনার চাকরিরও ক্ষতি হবে না। হামিদ বললো, "স্যার কাগজপত্র ঠিকমত জমা দিতে না পারলে এটা ছাড়া যাবে না। তাতে আমার চাকরি থাক আর না থাক।"

২৪. উদ্দীপকের হামিদের মানসিকতার সাথে সাদৃশ্যপূর্ণ উক্তি কোনটি?

ক. একমাত্র মিথ্যার জলই এই শিখাকে নিভাতে পারবে।

খ. রাজভয় লোকভয় কোনো ভয়ই আমায় বিপথে নিয়ে যাবে না।

গ. স্পষ্ট কথা বলায় একটা অবিনয় নিশ্চয় থাকে, কিন্তু তাতে কষ্ট পাওয়াটা দুর্বলতা।

ঘ. আত্মাকে চেনা নিজের সত্যকে বড় মনে করার দম্ভ আর যাই হোক ভণ্ডামি নয়। উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৪৩*

২৫. 'পৃথিবীর গভীর গভীরতর অসুখ এখন' বলতে কবি জীবনানন্দ দাশ কী বুঝিয়েছেন?

ক. বিশ্বজুড়ে নির্জন পরিস্থিতিকে

খ. মানুষের মাঝে মানবিকতার অভাবকে

গ. ব্যাপক হারে রোগ-বালাইয়ের ছড়াছড়িকে

ঘ. সুখ শান্তিহীন জীবনযাপনকে উত্তর: ঘ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৫২৭*

২৬. 'তাকে কি মিলিটারির মতো দেখাচ্ছে।' 'রেইনকোট' গল্পে কার প্রসঙ্গে এ কথা বলা হয়েছে।

ক. মিন্টুর খ. ইসহাক মিয়ার

গ. নূরুল হুদার ঘ. ড. আফাজ আহমদের উত্তর: গ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৩৭৯*

❑ নিচের উদ্দীপকটি পড়ে ২৭নং প্রশ্নের উত্তর দাও :

ভাষা আন্দোলন শুরু হলে রফিক তাতে ঝাঁপিয়ে পড়ে মিছিলে নেতৃত্ব দেয়। সংগঠিত করে সহপাঠীদের আর প্রতিজ্ঞা করে জীবন দিয়ে হলেও রাষ্ট্রভাষা বাংলাকে রক্ষা করবেই। শেষ পর্যন্ত রফিক সংগ্রাম করে শহীদ হয়।

২৭. রফিকের মাঝে 'আঠারো বছর বয়স' কবিতার কোন দিক ফুটে উঠেছে?

i. তারুণ্য ii. আত্মত্যাগ

iii. সর্বনাশের অভিঘাত

নিচের কোনটি সঠিক?

ক. i ও ii খ. i ও iii

গ. ii ও iii ঘ. i, ii ও iii উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮১*

২৮. 'রেইনকোট' গল্পে নুরুল হুদার কপালে গুলি খাওয়ার আগ্রহের মধ্য দিয়ে কোন দিকটি প্রকাশ পেয়েছে?

ক. প্রতিবাদের তীব্রতা খ. কৃতকর্মের শাস্তি ভোগ

গ. দেশের জন্য জীবন দেয়া

ঘ. পাকবাহিনীর নৃশংস অত্যাচার থেকে দ্রুত মুক্তিলাভ উত্তর: ক

২৯. দুঃখিনী মাতার অশ্রুজলে কোথায় ফুল ফোটে?

ক. হরিৎ উপত্যকায় খ. বাস্তবের বিশাল চত্বরে

গ. শ্যামল পূর্ববাংলার খ. ঘাতকের আস্তানায় উত্তর: ক

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৮৮*

৩০. কবি সুফিয়া কামাল কেমন আঁখি তুলে দক্ষিণ দুয়ার খুলেছে কি-না এই প্রশ্ন করেছেন?

ক. করুণ খ. স্নিগ্ধ

গ. রক্তিম ঘ. অশ্রুভরা উত্তর: খ

*ব্যাখ্যা: অভিযাত্রী পৃষ্ঠা ৪৭৩*

*কমন উত্তরগুলো নেওয়া হয়েছে অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ জানুয়ারি ২০২২ থেকে।*



অভিযাত্রী বিশ্ববিদ্যালয় সংস্করণ ২০২৩ এবং ATM এক টানা মুখস্থ সংস্করণ ২০২৩
পাওয়া যাচ্ছে দেশের সকল লাইব্রেরি এবং অনলাইনে ...